

## জীবিত ও মৃত

প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি ✓ দ্বারা চিহ্নিত করো।

১। 'জীবিত ও মৃত' গল্পটি কার লেখা?

(ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(খ) রবীন্দ্রনাথ ঠাকুর

(গ) প্যারীচাঁদ মিত্র

(ঘ) স্বর্ণকুমারী দেবী

**উঃ রবীন্দ্রনাথ ঠাকুর।**

২। 'জীবিত ও মৃত' কী ধরনের রচনা?

(ক) ছোটগল্প

(খ) উপন্যাস

(গ) কবিতা

(ঘ) প্রবন্ধ

**উঃ ছোটগল্প।**

৩। 'জীবিত ও মৃত' গল্পটি কোন গ্রন্থের অন্তর্গত?

(ক) গল্পগুচ্ছ

(খ) গল্পসল্প

(গ) ঘরে বাইরে

(ঘ) ছিন্নপত্র

**উঃ গল্পগুচ্ছ।**

৪। 'জীবিত ও মৃত' গল্পটি কোন পটভূমিতে রচিত?

(ক) প্রাকৃতিক

(খ) রাজনৈতিক

(গ) অতিপ্রাকৃত

(ঘ) রোমান্টিক

**উঃ অতিপ্রাকৃত।**

৫। কাদম্বিনীর পরিচয় দাও।

(ক) রবীন্দ্রনাথের বৌদি

(খ) রানীহাটের জমিদার বাড়ির বিধবা বধূ

(গ) যোগমায়ার দিদি

(ঘ) ভবঘুরে এক মহিলা

**উঃ রানীহাটের জমিদার বাড়ির বিধবা বধূ।**

৬। যোগমায়ার পরিচয় দাও।

(ক) কাদম্বিনীর বাল্যবন্ধু

(খ) রানীহাটের জমিদার গিন্ধি

(গ) বিদুষী নারী

(ঘ) লেখকের পরিচিতা

**উঃ কাদম্বিনীর বাল্যবন্ধু।**

৭। শ্রীপতিচরণবাবু কে ছিলেন?

(ক) কাদম্বিনীর দাদা

(খ) নিশিন্দাপুরের জমিদার

(গ) যোগমায়ার স্বামী

(ঘ) ভবঘুরে ব্যক্তি

**উঃ যোগমায়ার স্বামী।**

৮। কাদম্বিনী কাকে নিজের সন্তানের মতো মানুষ করেছিল ?

(ক) ভাসুরপো (খোকা)কে

(খ) বনমালীকে

(গ) দাদার মেয়েকে

(ঘ) বন্ধু যোগমায়ার ছেলেকে

**উঃ ভাসুরপো (খোকা)কে।**

৯। রানীহাটের জমিদার কে ছিলেন?

(ক) শ্রীপতিচরণবাবু

(খ) বিধুচরণ

(গ) শারদাশংকরবাবু

(ঘ) দুর্গাপ্রসাদ

**উঃ শারদাশংকরবাবু।**

১০। শারদাশংকর কেমন জমিদার ছিলেন?

(ক) উদার প্রকৃতির

(খ) কড়া প্রকৃতির

(গ) কৃপণ

(ঘ) পাগলাটে

**উঃ কড়া প্রকৃতির।**

১১। কাদম্বিনীর কীভাবে মৃত্যু হল?

(ক) প্রবল জ্বরে

(খ) ছাদ থেকে পড়ে গিয়ে

(গ) পেটের রোগে

(ঘ) হৃদযন্ত্র বন্ধ হয়ে

**উঃ হৃদযন্ত্র বন্ধ হয়ে।**

১২। কাদম্বিনীকে বিনা আড়ম্বরে দাহ করতে পাঠানো হয়েছিল কেন?

(ক) অর্থ খরচের ভয়ে

(খ) শরিকি ঝামেলার ভয়ে

(গ) আকস্মিক মৃত্যুতে পুলিশি হাঙ্গামা ঠেকাতে

(ঘ) প্রবল শোকে

**উঃ আকস্মিক মৃত্যুতে পুলিশি হাঙ্গামা ঠেকাতে।**

১৩। কাদম্বিনীকে কারা দাহ করতে নিয়ে গিয়েছিল?

- (ক) নিতাই, গুরুচরণ, বিধু ও বনমালী (খ) পচা, কানাই, নিমাই ও হরি  
(গ) অরূপ, কানু, সুমন ও শিবু (ঘ) পুচু, সিটু, সঞ্জয় ও ভুলু

**উঃ নিতাই, গুরুচরণ, বিধু ও বনমালী।**

১৪। কাদম্বিনীর মৃতদেহের কাছে কারা বসেছিল?

- (ক) পুচু ও হরি (খ) কানু ও শিবু  
(গ) বিধু ও বনমালী (ঘ) ভুলু ও কানাই

**উঃ বিধু ও বনমালী।**

১৫। গুরুচরণ ও নিতাই কোথায় গিয়েছিল?

- (ক) পোড়ানোর কাঠের জোগাড়ে (খ) খাবারের সন্ধানে  
(গ) ভয় পেয়ে পালিয়েছিল (ঘ) নেশা করতে

**উঃ পোড়ানোর কাঠের জোগাড়ে।**

১৬। কর্মীরা শ্মশানের কুটিরে ফিরে কি দেখলো?

- (ক) ঘরভর্তি লোক (খ) শূন্য খাট, মৃতদেহ নেই  
(গ) চারপাশে শিয়াল দাঁড়িয়ে (ঘ) কুটিরটি ভেঙে গেছে

**উঃ শূন্য খাট, মৃতদেহ নেই।**

১৭। চারজন কর্মচারী ফিরে জমিদারকে কি বললো?

- (ক) কাদম্বিনী প্রেতাত্মা হয়ে গেছে (খ) বৃষ্টিতে সব পণ্ড হয়ে গেছে  
(গ) মৃতদেহ শিয়ালে টেনে নিয়ে গেছে (ঘ) দাহকার্য সম্পন্ন হয়ে গেছে

**উঃ দাহকার্য সম্পন্ন হয়ে গেছে।**

১৮। কাদম্বিনীর কি সত্যি মৃত্যু হয়েছিল?

- (ক) না, হৃদযন্ত্র সাময়িক বন্ধ হয়েছিল (খ) হ্যাঁ, মৃত্যু হয়েছিল  
(গ) জীবিত ছিল (ঘ) ঘুমাচ্ছিল মাত্র

**উঃ না, হৃদযন্ত্র সাময়িক বন্ধ হয়েছিল।**

১৯। কাদম্বিনীকে কে যোগমায়ার বাড়ি পৌঁছে দিল ?

(ক) এক ভবঘুরে

(খ) কাদম্বিনীর এক আত্মীয়

(গ) এক সহৃদয় পথিক

(ঘ) পুলিশ

**উঃ এক সহৃদয় পথিক।**

২০। কাদম্বিনীর প্রতি শ্রীপতির মনোভাব কেমন?

(ক) সহানুভূতিশীল

(খ) প্রেমের

(গ) রাগান্বিত

(ঘ) ঈর্ষান্বিত

**উঃ সহানুভূতিশীল।**

২১। শ্রীপতি রানীহাটে গেলেন কেন?

(ক) ঘুরতে

(খ) বন্ধুর খোঁজ নিতে

(গ) ব্যবসার কাজে

(ঘ) কাদম্বিনীর সংবাদ নিতে

**উঃ কাদম্বিনীর সংবাদ নিতে।**

২২। শ্রীপতি ও যোগমায়ার মধ্যে কি বিষয়ে তর্ক হচ্ছিল?

(ক) সংসার নিয়ে

(খ) কাদম্বিনীর মৃত্যু নিয়ে

(গ) সন্তান বিষয়ে

(ঘ) নিতান্ত দাম্পত্য কলহ

**উঃ কাদম্বিনীর মৃত্যু নিয়ে।**

২৩। কাদম্বিনী যোগমায়ার বাড়ি থেকে কোথায় এল?

(ক) মেয়ের বাড়ি

(খ) শ্মশানে

(গ) বাপের বাড়ি

(ঘ) রানীহাটে

**উঃ রানীহাটে।**